যুগান্তর

তারিখ . . 09 .MAR. 2016 ...
পৃষ্ঠা ..২..৬ কলাম...৭.. ......

# বিএসএমএমইউতে রিউমাটোলজি স্পেশালাইজড ক্লিনিক উদ্বোধন

**যুগান্তর রিপোর্ট**

রোগীদের সুবিধার্থে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) চালু হয়েছে রিউমাটোলজি স্পেশালাইজড ক্লিনিক। মঙ্গলবার সকাল সাড়ে ৮টায় বিশ্ববিদ্যালয়ের ডি ব্লকের ১৭ তলার ক্লাস রুমে প্রধান অতিথি হিসেবে থেকে ক্লিনিকের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডা. কামরুল হাসান খান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) প্রফেসর ডা. মো. শারফুদ্দিন আহমেদ। সভাপতিত্ব করেন রিউমাটোলজি মেডিসিন বিভাগের চেয়ারম্যান প্রফেসর ডা. মিনহাজ রহিম চৌধুরী। এ সময় বক্তব্য দেন মেডিসিন বিভাগের চেয়ারম্যান প্রফেসর ডা. মো. আবদুর রহিম, রিউমাটোলজি মেডিসিন বিভাগের সাবেক চেয়ারম্যান প্রফেসর ডা. সৈয়দ আতিকুল হক, প্রফেসর ডা. মো. নজরুল ইসলাম প্রমুখ।